

বিশ্বিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভিলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ প্রকল্প
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
উপজেলা কৃষি আবহাওয়া পরামর্শ বুলেটিন (২৬ ফেব্রুয়ারী ২০২৬)

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন উপজেলা: খাগড়াছড়ি সদর

তারিখ: ২৬-০২-২০২৬

গত ৩ দিনের আবহাওয়ার পরিস্থিতি: ২৩.০২.২০২৬ থেকে ২৫.০২.২০২৬ তারিখ পর্যন্ত

জেলা: খাগড়াছড়ি

বুলেটিন নম্বর: ১২৬

পূর্বাভাসের সময়কাল	২৩-০২-২০২৬	২৪-০২-২০২৬	২৫-০২-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩১	৩২	৩৩
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	১২	১২	১৩
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৪৪	৪৪	৪৪
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১৩	১৬	১৪
বাতাসের দিক	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৪ দিনের আবহাওয়ার পূর্বাভাস: ২৬.০২.২০২৬ থেকে ০১.০৩.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	২৬-০২-২০২৬	২৭-০২-২০২৬	২৮-০২-২০২৬	০১-০৩-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩০	৩০	৩০	৩৩
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	১০	১১	১১	১২
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৪৮	৫১	৫৯	৬৭
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১৫	১৫	১৬	১৯
বাতাসের দিক	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	দক্ষিণ - পশ্চিম

Source: <https://usf.bmd.gov.bd/>

সময়কাল: ২৬ ফেব্রুয়ারী ২০২৬ – ০১ মার্চ ২০২৬

কাজু বাদাম:

আগামী চার দিনে বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। বর্তমানে কাজু বাদাম গাছে ফুলে এসেছে। বিদ্যমান আবহাওয়ায় কাজু বাদাম গাছে রোগ ও পোকামাকড়ের অক্রমণ হতে পারে। সে জন্য ১৫ দিন পর পর ফুলে অনুমোদিত ছত্রাকনাশক ও কীটনাশক অনুমোদিত মাত্রায় প্রয়োগ করুন। কাজু বাদাম গাছ নিয়মিত পর্যবেক্ষণ করুন, সেচ প্রদান করুন, আগাছা পরিষ্কার করে এবং বাগান পরিষ্কার রাখুন।

আম:

আগামী চার দিনে বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। বর্তমানে আম গাছে ফুল আসা শুরু হয়েছে। এ অবস্থায় আম গাছে কোন প্রকার কীটনাশক প্রয়োগ করবেন না, তাতে পরাগায়ণের সমস্যা হবে। সেচ প্রদান করুন।